গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর- ৬৫

## গোমস্তাপুরে নারী সমাবেশ অনুষ্ঠিত

রাজশাহী, ২৫ ভাদ্র (০৯ সেপ্টেম্বর):

চাঁপাইনবাবগঞ্জ জেলা তথ্য অফিসের আয়োজনে তারুণ্যনির্ভর, উন্নত, সমৃদ্ধ, বৈষম্যহীন ও জবাবদিহিতামূলক বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে আজ মঙ্গলবার (০৯ সেপ্টেম্বর) চাঁপাইনবাবগঞ্জের গোমস্তাপুর উপজেলার বোয়ালিয়া ইউনিয়নের অন্তর্গত আলমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে নারী সমাবেশ অনুষ্ঠিত হয়।

নারী সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন গোমস্তাপুর উপজেলা নির্বাহী অফিসার জাকির মুন্সী। তিনি বলেন, ছেলে-মেয়ে কার সাথে ওঠাবসা করছে তা আমাদের লক্ষ্য রাখতে হবে কারণ আমাদের দেশের অনেক ছেলে-মেয়ে সঙ্গদোষের কারণে নষ্ট হয়ে যাচ্ছে। ছেলেমেয়েদের ভালো পথে থাকার জন্য তাকে পরামর্শ ও নির্দেশনা দিতে হবে ।

তিনি আরও বলেন, বাংলাদেশে মাদকের যে ভয়াবহতা বিরাজ করছে তা থেকে উত্তরণের জন্য সকলকে এগিয়ে আসতে হবে। আমরা সকলে মিলে মাদককে না বলি এবং মাদক থেকে দূরে থাকি। মাদকমুক্ত বাংলাদেশ প্রতিষ্ঠায় তিনি সন্তানদের ধর্মীয় শিক্ষা প্রদানের পরামর্শ দেন ।

বাল্যবিবাহ প্রসঙ্গে প্রধান অতিথি বলেন, যে মেয়েটির বাল্যবিবাহ হয়েছে সে যখন সন্তান জন্ম দিচ্ছে সেই সন্তান পুষ্টিহীন হয়ে জন্মাচ্ছে এবং মাও পুষ্টিহীনতায় ভুগছে। অপ্রাপ্তবয়স্ক একজন মেয়ের যে পুষ্টি প্রয়োজন তা সে পাচ্ছে না। ফলে মা ও শিশু প্রায়ই অসুস্থ থাকে এবং এক পর্যায়ে মেয়েটি কর্মহীন হয়ে পড়ে।

এসময় সকলকে বাল্যবিবাহ প্রতিরোধে সোচ্চার হওয়ার আহ্বান জানান তিনি ।

সমাবেশে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিচালক চৌধুরী ইমরুল হাসান, গোমস্তাপুর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ ইসাহাক আলী, রহনপুর ইউসুফ আলী সরকারি কলেজের প্রভাষক মো. জিন্নুর রহমান। সহকারি উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার এ.কে.এম ওলিউল ইসলাম এবং আলমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোসা. জেসমিন নাহার।

অনুষ্ঠানে বক্তারা বাল্যবিবাহ, মাদকের অপব্যবহার, যৌতুক, নারী নির্যাতন ও কন্যা শিশুর প্রতি বৈষম্য রোধ, সামাজিক মূল্যবোধ গঠন, সুষম খাদ্য গ্রহণ ইত্যাদি বিষয়ে আলোচনা করেন। সমাবেশে শিক্ষক-শিক্ষার্থী, নারী-পুরুষ এবং শিশুসহ সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

..................................................................

আলীম/তৌহিদ/আতিক/স্মিতা/হালিম/২০২৫/১৭.৩০ঘ

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd